গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লাখাই, হবিগঞ্জ।
www.lakhai.habiganj.gov.bd

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

## বিজ্ঞপ্তি নং-০১/২০২২ (১৪২৯ বাংলা)

এতদ্বারা হবিগঞ্জ জেলার লাখাই উপজেলাধীন নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর আলোকে 'জাল যার জলা তার' এ নীতি অনুসরণে লাখাই উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্ন বর্ণিত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ ১৪২৯ বাংলা সন হতে ১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন বছর) মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তির সাধারণ শর্তাবলীতে উল্লেখিত শর্তে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনের নিকট থেকে নির্ধারিত আবেদন ফরমে সীল মোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ফরম বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত তারিখ ও সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে। আবেদনপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত তারিখ ও সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। প্রতি পর্যায়ে গৃহীত আবেদন ব্যতিত অবশিষ্ট জলমহালসমূহ পরবর্তী পর্যায়ের ইজারার জন্য উন্মুক্ত থাকবে। প্রতি পর্যায়ের ইজারাকৃত জলমহালের তালিকা আবেদন ফরম ক্রয়ের পূর্বে অত্রাফিস থেকে জেনে নিতে পারবে। প্রতি পর্যায়ে আলাদাভাবে আবেদন ফরম ক্রয় করতে হবে। এক পর্যায়ের আবেদন ফরম অন্য পর্যায়ে ব্যবহার করা যাবেনা। আবেদনপত্র গ্রহণের দিন কোন আবেদন ফরম বিক্রি করা হবে না। তাছাড়া বিস্তারিত তথ্যাবলী ও শর্তাবলী অফিস চলাকালীন নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে।

## আবেদন ফরম ক্রয় ও দাখিলের দিনপঞ্জি

| পর্যায় | আবেদন ফরম বিক্রির তারিখ ও সময় | আবেদন ফরম গ্রহণের তারিখ ও সময় | আবেদনপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৩/০২/২০২২ ও ২৪/০২/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২৮/০২/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা | ০১/০৩/২০২২ খ্রি.। বেলাঃ ১২.০০ ঘটিকা | - |
| ২য় | ১৫/০৩/২০২২ ও ১৬/০৩/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২০/০৩/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা | ২১/০৩/২০২২ খ্রি.। বেলাঃ ১২.০০ ঘটিকা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত জলমহাল |
| ৩য় | ০৩/০৪/২০২২ ও ০৪/০৪/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০৫/০৪/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা | ০৬/০৪/২০২২খ্রি.। বেলাঃ ১২.০০ ঘটিকা | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত জলমহাল |
| ৪র্থ | ২০/০৪/২০২২ ও ২১/০৪/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২৫/০৪/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা | ২৬/০৪/২০২২খ্রি.। বেলাঃ ১২.০০ ঘটিকা | ৩য় পর্যায়ে অ-ইজারাকৃত জলমহাল |
| ৫ম | ০৯/০৫/২০২২ ও ১০/০৫/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ১১/০৫/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা | ১২/০৫/২০২২খ্রি.। বেলাঃ ১২.০০ ঘটিকা | ৪র্থ পর্যায়ে অ-ইজারাকৃত জলমহাল |
| ৬ষ্ঠ | ৩০/০৫/২০২২ ও ৩১/০৫/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০১/০৬/২০২২ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা | ০২/০৬/২০২২খ্রি.। বেলাঃ ১২.০০ ঘটিকা | ৫ম পর্যায়ে অ-ইজারাকৃত জলমহাল |

## শর্তাবলী:

০১। নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি / সংগঠন ব্যতিত অন্য কোন সমিতি/সংগঠন/ব্যক্তি ইজারা গ্রহণে অংশ গ্রহন করতে পারবেনা। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন সমবায় অথবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে। যদি উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেনা।

০২। আবেদনকারীর মৎস্যজীবি সমিতি/সংগঠন বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ জেলা/উপজেলা সমবায় অফিস/সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং বিগত তিন বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে তা প্রযোজ্য নয়।

০৩। আবেদন ফরম বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ ও সময়ে নির্ধারিত মূল্য ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে অথবা উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল পূর্বক নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে।

০৪। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমিতি/ সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে। একই সাথে তার অনুলিপি অর্থাৎ এক প্রস্থ তালিকা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বরাবরে এতদসঙ্গে সংযোজন করে দিতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সংশ্লিষ্ট জলমহালের সরকারি ধার্য্যকৃতমূল্যের ২০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, লাখাই, হবিগঞ্জ বরাবরে দাখিল করতে হবে। উক্ত অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৬। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি আলাপ আলোচনা তথা সমঝোতার ভিত্তিতে ০৩ (তিন) বছর মেয়াদে স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠনকে বন্দোবস্ত প্রদান করবেন। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সমিতি/সংগঠন অগ্রাধিকার পাবে।

০৭। আগ্রহী প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত আবেদন ফরম দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। তাছাড়া তিন বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎসচাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ হলে বাতিল বলে গণ্য করা হবে।

০৮। আগ্রহী মৎসজীবি সমিতি/ সংগঠনকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন জঙ্গি সম্পৃক্ততা বা পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী বা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতি/ সংগঠনকে জলমহাল ইজারা প্রদান করা যাবেনা।

০৯। জমাকৃত আবেদনসমূহ যাচাই বাছাই করে যদি জলমহালের একাধিক সমিতি/ সংগঠন উপযুক্ত বলে বিবেচিত হয় তাহলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি আলাপ আলোচনার মাধ্যমে একটি প্রকৃত মৎসজীবি সমিতি/সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্ত প্রদানের ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত / ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎসজীবি সমিতি/সংগঠনকে প্রথম বছরের সমুদয় ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ কিস্তিতে পরিশোধ করা যাবে না।

(৪র্থ পৃষ্ঠায় দেখুন)

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

(৫ম পৃষ্ঠার পর)

১১। তিন বছর মেয়াদে ইজারাকৃত জলমহালের দ্বিতীয় ও তৃতীয় বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় মহালটি ইজারা প্রদানের ক্ষেত্রে মূল্য হ্রাস পেলে অথবা মহালটি ইজারা প্রদান সম্ভব না হলে অবশিষ্ট/ সম্পূর্ণ টাকার দায়িত্ব ইজারা গ্রহীতার উপর বর্তাবে।

১২। তিন বছর মেয়াদে ইজারাকৃত জলমহালের ইজারা মেয়াদের মধ্যে মহালটি সরকারের বরাবরে প্রর্ত্যাপণ / সমর্পণ করা যাবে না।

১৩। মৎসজীবি সমিতি/ সংগঠনের পক্ষে একমাত্র সভাপতি / সম্পাদকের স্বাক্ষরে আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি / সম্পাদক ব্যতিত অন্য কোন সদস্যদের স্বাক্ষরিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৪। জলমহালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা দেয়া হবে। আবেদনকারীকে আবেদনপত্র দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে জলমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে নিয়ে আবেদনপত্র দাখিল করতে হবে।

১৫। লীজ গ্রহীতা কোন মৎসজীবি সমিতি / সংগঠন তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেনা। এ শর্ত বরখেলাপ করলে লীজ বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত সমিতি/সংগঠন পরবর্তী বছর জলমহাল ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবেনা।

১৬। প্রথম বছরের ইজারামূল্য পরিশোধের সাথে সাথে ইজারা গ্রহীতাকে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ দায়িত্বে চুক্তিনামা সম্পাদন এবং কর্তৃপক্ষের মাধ্যমে দখল বুঝে নিতে হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

১৭। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময় সময় জারীকৃত সরকারি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে।

১৮। যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। অধিকন্তু কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে জলমহাল তফসিল হ্রাস/ বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। কোন জলমহালের কোন দাগের কিংবা মহালের উপর বিজ্ঞ দেওয়ানী আদালতের স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও তা ইজারা বহির্ভূত থাকবে। বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা / নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

২০। কোন জলমহাল ইজারা প্রদান হয়ে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে স্বত্ব মামলার উদ্ভব হলে/ কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারী হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবেনা বা কোন আপত্তি গ্রহণ করা হবেনা।

২১। ইজারা গ্রহীতা ইজারা গ্রহণ করে সেচ দিয়ে সম্পূর্ণ পানি নিষ্কাশন করে অথবা বিষ প্রয়োগ মাছ আহরণ / নিধন করতে পারবেননা। এরুপ করলে মৎস্য আইনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারা মূল্যের ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পরিশোধ করতে হবে।

২৩। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয় রুপ নেয় তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৪। কোন মৎস্যজীবি সমবায় সমিতি / সংগঠনকে দু'টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্থ প্রদান করা হবেনা।

২৫। জলমহাল ইজারা গ্রহণকারী কোন সমিতি বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা কার্যকর বলে গণ্য করা হবে।

## লাখাই উপজেলার ১৪২৯-১৪৩১ বাংলা সন মেয়াদে (তিন বছর) ইজারাযোগ্য ২০ একর পর্যন্ত জলমহালের তালিকাঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নং | পরিমাণ (একরে) | সরকারি মূল্য | ইজারার মেয়াদ ১৪২৯-১৪৩৩ বাংলা সন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | গৌছির ডহর | কুহিতনসী | ২৯২৪ | ১.৫৪ | ১০,১৮৫/- | ঐ | উল্লেখ্য যে, প্রতি পর্যায়ের ইজারাকৃত জলমহাল ব্যতিত অবশিষ্ট জলমহাল সমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। |
| ২ | দশকাহনিয়ার বান্দ প্রকাশ বাহার চরের বান্দ | ইসলামপুর | ১৬৩৮ | ২.৪০ | ৬৫,০৪৮/- | ঐ | |
| ৩ | চরের বান্দ | শিবপুর | ৩৮ | ৩.১১ | ৮৯,৪৬০/- | ঐ | |
| ৪ | ভালুকের কোপা গ্রুপ ফিসারী<br>ক) ভালুকের কোপা<br>খ) কালাদরিয়া<br>গ) বড়পটুয়া<br>ঘ) ছোটপটুয়া | কুহিতনসী<br>কামালপুর | ১৯৮৪<br>২৯০৭<br>৬২২<br>৭২২ | ৩.৫৬<br>২.৬২<br>২.০৭<br>০.৮১ | ৭৩,০৮০/- | ঐ | |
| ৫ | গলাইয়ার বিল | নোয়াগাঁও | ৮১৩<br>৮৮৩<br>৮৪৯ | ০.৯৫<br>৩.০০<br>২.৫০ | ১৪,৭০০/- | ঐ | |
| ৬ | রাউয়া খালের বান্দ | নোয়াগাঁও | ৫২২ | ২.৪৪ | ৩৭,৮০০/- | ঐ | |
| ৭ | গড়ালিয়ার বান্দ | গোয়াকাড়া | ৪০ | ১.৯০ | ৬,৯৩০/- | ঐ | |
| ৮ | বাগাইয়া বিল | পূর্ববেগুনাই | ২৮৮৯,<br>১৭৯৩<br>২৮৮৮<br>৩৩৫৬<br>৩০০৬ | ৩.৩৬<br>২.০৬<br>০.৫০<br>০.৬১ | ৭,৭৭০/- | ঐ | |
| ৯ | লম্বা লুকনিয়া বিল | গোবিন্দপুর | ১০ | ৪.৪৯ | ৩,৮৮৫/- | ঐ | |
| ১০ | লাখাই টাউনশীপ পুকুর/ডোবা | কুহিতনসী | ২৫৪৬<br>২৪০৮<br>২৫০৮,<br>২৫০৯<br>২৫১০,<br>২৫১১<br>২৫১২,<br>২৫১৬ | ০.৭৮<br>০.২৩<br>০.৯৪ | ৬,৩০০/- | | |
| ১১ | করের খাল | ভরগাঁও | ২২৪৫ | ১.১৪ | ৭,৪৫৫/- | ঐ | |
| ১২ | হানকি ভাঙ্গা বিল | পাড়া | ৭৩৪ | ৫.১৫ | ৫,৮৮০/- | ঐ | |
| ১৩ | কালাধন্যা বিল | পাড়া | ১১৮৭ | ৫.৩৪ | ৮,৬১০/- | ঐ | |
| ১৪ | গোলকুনাইয়া বিল | পাড়া | ৭৩৪ | ৫.১৫ | ৫,৮৮০/- | ঐ | |
| ১৫ | পুরালুঙ্গার বান্দ | শিবপুর | ২০২৫ | ১.০৩ | ৫৭৮/- | ঐ | |

(৩য় পৃষ্ঠায় দেখুন)

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

(৪র্থ পৃষ্ঠার পর)

| ক্র: নং | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নং | পরিমাণ (একরে) | সরকারি মূল্য | ইজারার মেয়াদ ১৪২৯-১৪৩৩ বাংলা সন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | ছিনাইয়ার বিল | নিদনপুর | ৪৯২<br>৪৯৫ | ১৩.৪৫<br>৩.৫৩ | ২,২০৫/- | ঐ | উল্লেখ্য যে, প্রতি পর্যায়ের ইজারাকৃত জলমহাল ব্যতিত অবশিষ্ট জলমহাল সমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। |
| ১৭ | হাওলা দাঙ্গার বান্দ | নোয়াগাঁও | ৯৮৩ | ৩.৫০ | ৯,৬৬০/- | ঐ | |
| ১৮ | ছোট বিল কাংলা বিল | পূর্ববেগুনাই<br>বলাকান্দি | ২০২৮<br>১৫৬৯ | ৩.৩১<br>৩.৫৪ | ৭,৪৫৫/- | ঐ | |

স্বাক্ষরিত

**(মোঃ শরীফ উদ্দিন )**

পরিচিত নং-১৭৪৮৪

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

লাখাই, হবিগঞ্জ।

**Email:unolakhai11@gmail.com**